

নং-৪৬.০৪২.০১৪.৫৮.০১.০৬২.২০১২.৬২

০৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
তারিখ ২২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরে সিলেট জেলা পরিষদের এডিপি সংরক্ষিত বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ সিলেট জেলা পরিষদের স্মারক নং-৪৬.৬০.৯১০০.০১১.০৭.০১১.১৭-৯৬১, তারিখঃ ২৯/৬/২০১৭।

২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরে সিলেট জেলা পরিষদের এডিপি সংরক্ষিত বরাদ্দের আওতায় অডিটরিয়াম নির্মাণের জন্য বরাদ্দকৃত ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা নিম্নোক্ত ৩টি প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক ব্যয়ের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্রঃ নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	জেলা পরিষদের মালিকানাধীন শেখঘাট বিদ্যমান রেস্ট হাউসের একাংশ ভেঙ্গে ১০ তলা বিশিষ্ট রেস্ট হাউজ নির্মাণ	২,৫০,০০,০০০/-
২	জেলা পরিষদের মালিকানাধীন সদর উপজেলার মিউনিসিপ্যালিটি মৌজার কালিঘাটস্থ ভূমিতে বহুতল বিশিষ্ট গোড়াউন-কাম-স্টাফ কোয়ার্টার নির্মাণ	১,০০,০০,০০০/-
৩	জেলা পরিষদ মালিকানাধীন শেখঘাটস্থ বিদ্যমান স্টাফ কোয়ার্টার ভেঙ্গে নতুন বহুতল বিশিষ্ট স্টাফ কোয়ার্টার নির্মাণ	৫০,০০,০০০/-
মোট=		৪,০০,০০,০০০/-

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ টাকা থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- পিপিআর ২০০৮ এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- সচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ সিলেট এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

  
22/01/18

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সিলেট।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।